




ভারতের ম্যাচ বয়কট: পাকিস্তানকে ধন্যবাদ জানালেন ক্রীড়া উপদেষ্টা



ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

পাকিস্তান প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ ভারতের বিরুদ্ধে ম্যাচ বয়কটের চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার পর বাংলাদেশ কৃতজ্ঞতা জানিয়েছে। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) সামাজিক যোগাযোগমাধ্যমে ধন্যবাদ জানিয়েছেন।

ফেসবুকে তিনি লিখেছেন, “ধন্যবাদ পাকিস্তান। পাকিস্তানের প্রধানমন্ত্রী জানিয়েছেন, বাংলাদেশকে টি-টুয়েন্টি বিশ্বকাপ থেকে বাদ দেওয়ার প্রতিবাদে তাঁর দেশ ভারতের বিরুদ্ধে ম্যাচ খেলবে না। তিনি বলেন, খেলার মাঠে রাজনীতি থাকা উচিত নয়। আমাদের সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বাংলাদেশের পাশে দাঁড়িয়ে নেওয়া হয়েছে। আমি মনে করি এটি যথাযথ পদক্ষেপ।”

উল্লেখ্য, গত রোববার (১ ফেব্রুয়ারি) পাকিস্তান সরকারের অফিসিয়াল এক্স অ্যাকাউন্টে জানানো হয়, পাকিস্তান ক্রিকেট দলকে টি-টুয়েন্টি বিশ্বকাপ ২০২৬-এ অংশগ্রহণের অনুমোদন দেওয়া হয়েছে। তবে ২০২৬ সালের ১৫ ফেব্রুয়ারি ভারতের বিরুদ্ধে ম্যাচে পাকিস্তান মাঠে নামবে না।

LENS ASIA